



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বাংলা নববর্ষ ১৪৩০ উপলক্ষে আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় আমন্ত্রণ



পুরানো ঢাকার ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাংলা নববর্ষ-১৪৩০ জাঁকজমকপূর্ণভাবে পালিত হতে যাচ্ছে। এবার বাংলা নববর্ষ-১৪৩০ উদযাপন উপলক্ষে আগামী ১ বৈশাখ (১৪ এপ্রিল-২০২৩, শুক্রবার) দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রকাশনা উৎসবসহ নানা আয়োজন থাকছে এবারের অনুষ্ঠানমালায়। মঙ্গল শোভাযাত্রাটির নেতৃত্ব দিবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



মঙ্গল শোভাযাত্রার এবারের মূল প্রতিপাদ্য 'শান্তি ও সম্প্রীতি'। মঙ্গল শোভাযাত্রাটি সকাল ৯.৩০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণ থেকে শুরু হয়ে ভিক্টোরিয়া পার্ক হয়ে আবার ক্যাম্পাসে ফিরে আসবে।

মঙ্গল শোভাযাত্রা শেষে সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে রয়েছে সংগীত বিভাগের পরিবেশনায় নৃত্য ও দলীয় সংগীত, লোক সংগীত এবং নাট্যকলা বিভাগের আয়োজনে নাটক মঞ্চায়ন।

এছাড়াও দিনব্যাপী বিশ্ববিদ্যালয়ের ভাষাশহীদ রফিক ভবনের নিচতলায় 'প্রকাশনা প্রদর্শনী' অনুষ্ঠিত হবে।

আপনাদের সকলের উপস্থিতি একান্তভাবে কাম্য।